# দিঘলিয়া উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৫)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ৩০ মে ২০২৩, মঙ্গলবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত এপ্রিল/২০২৩, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | এপ্রিল ২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, মে ২০২৩ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভুক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরণীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: এপ্রিল/২০২৩ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- ১৭,৯৫,১৮৮/-<br>মোট ব্যয়-৩,৮১,০৩১/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা যুব উন্নয়ন কমিটি। | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ২১০ জন, নীতিমালা অনুযায়ী ২১০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। এখন পর্যন্ত প্রশিক্ষণ খাতের ০৭ ব্যচের প্রশিক্ষণ বাজেট পাওয়া গিয়াছে। বাজেট অনুযায়ী ০৪ টি ব্যাচের প্রক্ষিণ সম্পন্ন করা হয়েছে। যুব ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা বছরে ৪৯,১০,০০০/- টাকা দেওয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী গত মাস পর্যন্ত ১৩,৩০,০০০/- টাকার চেক যুব ও যুব মহিলা সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে। গত মাস পর্যন্ত মোট ৫টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আগামীতে আরো ০২ ব্যাচ প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। আদায়ের হার মোটামোটি ভাল তবে কোভিড ১৯ এর কারণে কিছু খেলাপী আছে যাদেরকে উপজেলা প্রশাসন থেকে লাল নোটিশ প্রেরণের মাধ্যমে খেলাপী ঋণের টাকা আদায় করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রশাসনের সহযোগিতায় ঋন খেলাপীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা কৃষি ও সেচ বিষায়ক কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, দিঘলিয়া উপজেলায় ধানের আবাদ ১৫৫০.০০ হেঃ পাট ৪৫.০০ হেঃ বাদাম ৩০.০০ হেঃ ও গ্রীষ্মকালীন সব্জী ২৩০.০০ আবাদ হয়েছে। কৃষি অফিসার সভাকে অবহিত করেন । বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া ৯৫.০০ মে: টন, টিএসপি ৫১.০০ মে: টন ডিএপি ৭৯.০০মে:টন এমওপি ৩৫ মে:টন যাহা সন্তোষজনক। অত্র অঞ্চলে চুঁইঝালের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বাজারমূল্য বেশী থাকায় অত্র উপজেলায় কৃষকদের মাঝে চুঁইঝাল চাষে ব্যাপক সাড়া পড়েছে। তিনি আরো বলেন উপজেলায় সার ও অন্যান্য মালামাল সংরক্ষনের জন্য ১ টি গুদাম ঘরের প্রয়োজন ৬টি ইউনিয়নের প্রতিটি ইউনিয়নে ৩ জন করে উপসকারী কৃষি কর্মকর্তা কর্মরত আছেন। ইউনিয়ন পরিষদ ভবনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জন্য ১ টি করে রুম বরাদ্দ থাকার বিধান রয়েছে। কোথাও কোথাও রুমগুলি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কর্মকর্তাগণ বসেন এবং কৃষকদের কৃষি বিষয়ক সমস্যার সমাধান দিয়ে থাকেন। প্রতিটি ইউনিয়ন পরিষদে ১ টি করে রুম থাকলে এবং সেখানে উপসহকারী কৃষি কর্মকর্তাগণের বসার ব্যবস্থা করতে পারলে কৃষকগণ উপকৃত হবেন। দু:খের বিষয় অনেক স্থানে রুম থাকা সত্বে ও চেয়ার, টেবিলসহ প্রয়োজনীয় ফার্নিচারের অভাবে উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে বসানো সম্ভব হচ্ছে না। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের এডিপি অথবা রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ স্বাপেক্ষে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিঘলিয়া বর্নিত কর্মকান্ডগুলি যথাযথ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা কৃষি অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা পরিবেশে ও বন কমিটি | সভায় উপজেলা বন অফিসার জানান যে, জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও প্রতিশ্রুতি জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ গড়ার লক্ষ্যে বন, বনজ দ্রব্য, বন্যপ্রানী বৃদ্ধি এবং জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব অর্থাৎ প্রাকৃতিক বিপর্যয়, ঝড় ঝঞ্চা, জলোচ্ছাস মোকাবেলা ও পরিবেশ সংরক্ষনে এবং জীবিকা নির্বাহের সুযোগ সৃষ্টির লক্ষে অত্র উপজেলায় সুপারিশ ও খোলা জায়গায় মানসম্মত চারা উৎপাদনের জন্য নার্সারীটি স্থানান্তর করা প্রয়োজন। বর্তমানে নার্সারীর সরকারী কার্য পুরাতন কোর্ট বিল্ডিং এ পরিচালিত হচ্ছে এবং বিবিধ সরকারী উন্নয়নে ইতিপূর্বে উপজেলা নার্সারী কেন্দ্রটি সংকুচিত হয়েছে। এমতাবস্থায় মানসম্মত নতুন স্থান বন বিভাগের নামে কাগজপত্র করা হলে স্থানটিতে স্থায়ী নার্সারী করাসহ বিভিন্ন স্থাপনা করা হবে ও জমির খাজনাসহ আনুসঙ্গিক খরচ বন বিভাগ স্থাপনা করা হবে। এ ব্যাপারে সম্মানিত উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার দ্বয়ের কার্যকরী ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন অত্র দিঘলিয়া উপজেলাধীন রেলিগেট এলাকায় অবৈধভাবে করাতকল পরিচালনার দায়ে করাতকল (লাইসেন্স) বিধিমালা ২০১২ এর ৩ ধারা মোতাবেক ২ টি করাতকলের বিরুদ্ধে por বন মামলা দায়ের করা হয়েছে। উক্ত করাতকলের মালিকের বিরুদ্ধে ইতিপূর্বে ২৩/১২/২১ তারিখে বিজ্ঞ সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা মহোদয় কর্তৃক মোবাইল কোর্টের মাধ্যমে অর্থদন্ড প্রদান করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও প্রতিশ্রুতি বাস্তবায়ন করাসহ উপজেলা নার্সারীটি দিঘলিয়া তেতুলতলার পশ্চিম পাশ্বে স্থানান্তর করার জন্য পূর্বের রেজুলেশনে সিদ্ধান্ত গ্রহন করা হয়েছিল। সে সিদ্ধান্ত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন অফিসার, দিঘলিয়া খুলনা। |
| ০৭ | উপজেলা সমাজক্যাণ কমিটি | সভায় উপজেলা অফিসার জানান যে, সকল ভাতাভোগীদের ক্ষেত্রে যে সব ভাতা ভোগী মৃত্যু বরণ করেছে তাদের তালিকা প্রদান এবং তৎপরিবর্তে নতুন ভাতা ভোগীদের তালিকা প্রদানে জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গনকে পত্র দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন করে দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা শিক্ষা কমিটি দপ্তর | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, প্রতি বছরের ন্যায় এবছর প্রাথমিক বিদ্যালয়ের সর্বোচ্চ ১২ বছর বয়স পর্যন্ত ছাত্র এবং ছাত্রীদের ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ অনুষ্ঠিত হবে। মহাপরিচালক ,প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয়ের এ সংক্রান্ত ১৭/০৫/২০২৩ খ্রি: তারিখের স্মারক নং৮৪০(৮) নং পত্রখানি সভায় উপস্থাপনপূর্বক বিস্তারিতভাবে পাঠ করে শুনান। আগামী ১২/৬/২০২৩ তারিখের মধ্যে উপজেলা পযায়ের বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ খেলা শেষ করার নির্দেশনা আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী ১১ ও ১২/৬/২০২৩ তারিখ উপজেলা পরিষদ মাঠে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ টুর্ণামেন্ট ২০২৩ এর সেমিফাইনাল এবং ফাইনাল খেলা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা প্রকৌশলী দপ্তর (ক) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ, উপখাত স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ৫৪২ নং স্মারকে ২৮/০৫/২০২৩ খ্রি: তারিখে খুলনা জেলার দিঘলিয়া উপজেলা পরিষদের অনুকূলে ৫০.০০ লক্ষ টাকা থোক বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের অনুকূলে বেগম মন্নুজান সুফিয়ান, এমপি প্রতিমন্ত্রী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ঢাকা কর্তৃক ১২ টি প্রকল্প বাস্তবায়নের জন্য ২৯/০৫/২০২৩ খ্রি: তারিখে ডিও লেটার প্রদান করেছেন (কপি সংযুক্ত)। সরকারি নিয়ম নীতি অনুসরন করে প্রেরিত ডিও লেটারে প্রকল্পগুলো বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করা হয়। সে প্রেক্ষিতে প্রকল্পগুলির বাস্তব ভিত্তিক পরিমাপ গ্রহন করে প্রাক্কলন তৈরী করা হয়েছে। যার ফলে ডিওলেটারে উল্লিখিত প্রকল্পভিত্তিক টাকা কিছুটা হ্রাস বৃদ্ধি হয়েছে। যা অত্র সভার অনুমোদন প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পগুলির প্রাক্কলন অনুমোদন ও দ্রুত বাস্তাবায়নের জন্য আরএফকিউ প্যাকেজ ভিত্তিক এবং প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নসহ প্রকল্প তদারকি, আনুসঙ্গিক বিল উপজেলা উন্নয়ন সহায়তা বরাদ্দ খাত হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা প্রকৌশলী দপ্তর (খ) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন বাসা বাড়ী মেরামতর জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমাবায় মন্ত্রণালয়, স্থনীয় সরাকরা বিভাগ, উপজেলা -২ শাখা হতে ২৫,০০,০০০/- (পচিঁশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায় যা চাহিদা তুলনায় কম। ০৩ (তিন) প্যাকেজে ইজিপি পদ্ধতিতে টেন্ডারের মাধ্যমে নির্বাচিত ঠিকাদার দাখিলে প্রাক্কলিত মূল্যের ১০% নিম্নদরে কার্যাদেশ এর মাধ্যমে বাস্তবায়ন করা হয়। চাহিদা তুলনায় বরাদ্দ কম পাওয়ায় বাস্তবায়ন কালে বাসা বাড়ী গুলো মেরামতের করার পর ও আরও অন্যান্য কাজ মেরামত করা প্রয়োজন হওয়ায় উক্ত ১০% সাশ্রায়কৃত ০৩ (তিন)টি প্যাকেজে মোট =২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ভেরিয়েশন ওর্ডারের মাধ্যমে নির্বাচিত ঠিকাদার দ্বারা বাস্তবায়নের জন্য ভেরিয়েশন ওর্ডার ০৩ (তিন) টি অনুমোদন প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাসা বাড়ী মেরামতের স্বার্থে অতিরিক্ত কাজের জন্য প্রস্তুতকৃত ভেরিয়েশন ওর্ডার ০৩ (তিন) টি অনুমোদনসহ উক্ত নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে বাস্তাবয়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা মৎস্য দপ্তর | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, রাজস্ব অর্থায়নে দিঘলিয়া ইউনিয়নে ০১ টি এবং বারাকপুর ইউনিয়নে ০২ টি বিল নার্সারী স্থাপন করা হয়েছে। পোনার বৃদ্ধি সন্তোষজনক। তিনি বলেন ২০ মে হতে ২৩ জুলাই ২০২৩ পর্যন্ত সমুদ্রে মৎস্য আহরণ বন্ধকালীন সময়ে দিঘলিয়া উপজেলার ০৬ জন সমুদ্রগামী জেলেকে ১ম কিস্তিতে জনপ্রতি ৫৬ কেজি হারে চাউল বিতরণ করা হয়েছে। তিনি আরো বলেন রাজস্ব অর্থায়নে সেনহাটি ইউনিয়নে ০১ টি টেংরা-কার্প মিশ্রচাষ প্রদর্শনী স্থাপন করা হয়েছে। আগামী ১লা জুন পোনা মজুদ করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য সম্পাদন করাসহ সমুদ্রগামী জেলেদের মাঝে সঠিক নিয়মে চাউল বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা সমবায় দপ্তর | সভায় উপজেলা খাদ্যনিয়ন্ত্রক অফিসার জানান যে, সমবায় বিভাগের ২০২১-২০২২ সালের বরাদ্দকৃত ৬৮ টি প্রাথমিক এবং ০৩টি কেন্দ্রীয় সমবায় সমিতির বার্ষিক নিরীক্ষা ইতোমধ্যে শতভাগ সম্পন্ন হয়েছে। নিরীক্ষাকৃত সমিতির মধ্যে নীট লাভ অর্জনকারী সমবায় সমিতির অনুকূলে ২০২১-২০২২ সালের এপ্রিল ২০২৩ পর্যন্ত আদায়কৃত নিরীক্ষা ফি ১,৩৯,০৪০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ ১,১৮,৮১৮/- টাকা। এছাড়া মুজিববর্ষ উপলক্ষ্যে আশ্রয়ন-২ প্রকল্পের গুচ্ছাকারে নির্মিত একক ঘরের পুনর্বাসিত উপকারভোগীদের নিয়ে ইতোমধ্যে মোট ০৩ টি সমবায় সমিতি গঠন করা সম্পন্ন হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের বিগত ১৭/০৫/২০২৩ খ্রি: তারিখের প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক অবশিষ্ঠ একক ঘরে বসবাসরত উপকারভোগীদের সকলকে সমবায় সমিতির সদস্যভুক্ত করে তাদের অনুকুলে ঋণ প্রদান ও দক্ষতা উন্নয়ন মূলক কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার জানান যে, আশ্রয়ন প্রকল্পের উপকারভোগীদের দক্ষতা উন্নয়নের জন্য উপজেলার মানবসম্পদ উন্নয়ন বিষয়ক বিভিন্ন দপ্তরের মাধ্যমে স্বল্প মেয়াদী প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে মর্মে প্রস্তাব উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য সম্পাদন করাসহ মুজিববর্ষ উপলক্ষ্যে উপকারভোগীদের মাঝে প্রদানকৃত ঘরে বসবাসকৃত সকলকে সমবায় সমিতির আওতায়ভুক্ত করে বিভিন্ন মেয়াদী প্রশিক্ষন প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর। | সভায় উপজেলা খাদ্যনিয়ন্ত্রক অফিসার জানান যে, বৌর সংগ্রহ মৌসুমে ২০২৩ এ অত্র দিঘলিয়া উপজেলার ধান সংগ্রহের লক্ষমাত্রা ৪৪৪ মে: টন । সরাসরি অত্র উপজেলার তালিকাভুক্ত কৃষকদের নিকট হতে ধান ক্রয় করা হচ্ছে। প্রতি কেজি ধানের মূল্য ৩০/- টাকা। ফুলতলা খাদ্যগুদামে ধান ক্রয় করা হচ্ছে। সপ্তাহের সোমবার ও বুধবার কৃষক কর্তৃক আনিত ধানের মান যাচাই করা হচ্ছে। তিনি বলেন আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়নের ২ জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগের বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। তিনি আরো বলেন খাদ্যবান্ধব কর্মসূচির বাদ যাওয়া উপকার ভোগীর নামের তালিকা করা হয়েছে। ইতোমধ্যে ইউপি চেয়ারম্যানদের পত্র প্রেরণ করা হয়েছে। ৩১/০৫/২০২৩ খ্রি: তারিখের মধ্যে প্রদত্ত "ছক" মোতাবেক উক্ত তালিকা দিতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনাসহ আড়ংঘাট ও যোগীপোল ইউনিয়নে ২ জন খাদ্যবান্ধবের ডিলার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর। | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, দিঘলিয়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়াধীন যোগীপোল ইউনিয়ন পরিবার পরিকল্পনা ক্লিনিকের স্থায়ী কোন ভবন না থাকায় দীর্ঘদিন ধরেই ইউনিয়ন পরিষদের সহযোগিতায় সিটি কর্পোরেশনের আওতাভুক্ত একটি জায়গায় সেবা কার্যক্রম পরিচালিত হয়ে আসছিল। এমতাবস্থায় যোগীপোল ইউনিয়ন পরিষদের সহযোগিতায় যদি কক্ষ বরাদ্দ পাওয়া যায় তাহলে অতি দ্রুত উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে জনবল নিয়োগ করে স্বাভাবিক সেবা কার্যক্রম পুনরায় চালু করা যেতে পারে। অতি দ্রুত উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে জনবল নিয়োগ করে স্বাভাবিক সেবা কার্যক্রম পুনরায় চালু করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে যোগীপোল ইউনিয়ন পরিষদের যে কোন একটি কক্ষ বরাদ্দ সাপেক্ষে পুনরায় পরিবার পরিকল্পনা সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, অত্র উপজেলার বিভিন্ন হাট বাজার এবং খেয়াঘাট ইজারার টাকা বিধিমোতাবেক বিভাজন করা হলে বিভাজনের টাকা দিয়ে ইউপি চেয়ারম্যান ও মেম্বারদের সম্মানী প্রদান হয়ে থাকে। তিনি বলেন জমি হস্তান্ত করের যে টাকা ইউনিয়ন পরিষদের অনুকূলে প্রদান করা হয়ে থাকে সেটির বিভাজন অনেকদিন যাবত ইউনিয়ন পরিষদের অনুকূলে প্রদান করেন না। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাট বাজার এবং খেয়াঘাটের টাকার বিভাজন করাসহ জমি হস্তান্তর করের টাকার বিষয় সংশ্লিষ্ট দপ্তরে খোজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এবং দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, শেখ রাসেল মিনি পার্ক তৈরীর জন্য বঙ্গমাতা গোডাউন ও নদীর পারের ফাকা জায়গায় স্থাপন করার প্রস্তাব করেন। তিনি বলেন উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল সংলগ্ন এবং বিভিন্ন রাস্তা পার্শ্বে খাস জমি আছে সেই সমস্ত জায়গায় দোকান ঘর তৈরী করে ভাড়া দিয়ে উপজেলা রাজস্ব বৃদ্ধি করা যায়। একইসাথে উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি হোটেল নির্মাণসহ সেনহাটি ইউনিয়নের কাটাবনের ফাকা জায়গায় পার্ক নির্মাণ এর মাধ্যমে উপজেলা পরিষদের | সভায় বিস্তারিত আলোচনান্তে শেখ রাসেল মিনি পার্ক প্রস্তাবিত স্থানে নির্মাণ করা, বাউন্ডরী ওয়াল বিভিন্ন খাস জায়গায় দোকানঘড় নির্মাণ, পরিষদের অভ্যন্তরে একটি হোটেল, সেনহাটি ইউনিয়নের | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাজস্ব আয় বৃদ্ধি করা প্রস্তাব করেন। তিনি বলেন, উপজেলান নির্বাহী অফিসার যোগদানের পর তার বাসভবন রং করা প্রয়োজন এবং রাজস্ব তহবিলের অন্যান্য খাতের যে অবশিষ্ট টাকা রয়েছে তা বিধি মোতাবেক ক্রয়ের বিপরীতে উত্তোলন করা প্রয়োজন। তিনি আরো বলেন গাজীরহাট ইউনিয়নের ০৬ নং ও ০৩ নং ওয়ার্ডের কেটলা মোড়ল পাড়া খালের পার্শ্বে এবং শানাল ফকিরের বাড়ীর রাস্তা দিয়ে সংশ্লিষ্ট এলকার কৃষকরা বোর মৌসুমের হাজার হাজার মে: টন ধান বিল থেকে কৃষকের বাড়ী ঘরে উঠানো স্বার্থে রাস্তাটি জরুরী ভিত্তিতে এবং কালভাট নির্মানসহ ইটের সোলিং রাস্তাটি নির্মান করা হয়। এছাড়া দিঘলিয়া ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের পানিগাতী মাথা ভাঙ্গা খালের দুই পার্শ্বে রাস্তাটির বেহাল অবস্থায় কৃষকের ধান বাড়ী ঘরে উঠানো স্বার্থে জরুরী ভিত্তিতে রাস্তাটি নির্মান করা প্রয়োজন। উপজেলা পরিষদে প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় আর, এফ, কিউ পদ্ধতি অনুসরণ করে উক্ত তিনটি রাস্তা নির্মান/মেরামত ও কালভাট নির্মান কজ সম্পন্ন করা হয়। | কাটাবনের ফাকা জায়গায় পার্ক নির্মানের এর প্রস্তাব অনুমোদনের জন্য যথাযথ কতৃপক্ষের নিকট প্রেরণ করার এবং নির্বাহী অফিসারের বাসভবন ও রাজস্ব খাতসমূহের টাকা বিধি মোতাবেক উত্তোলন করাসহ গাজীরহাট ও দিঘলিয়া ইউনিয়নের কেটলা মোড়ল পাড়া খালের পার্শ্বে, শানাল ফকিরের বাড়ীর রাস্তা এবং পানিগাতী মাথা ভাঙ্গা খালের দুই পার্শ্বে রাস্তা দিয়ে বোর মৌসুমের ধান কৃষকের বাড়ী ঘরে উঠানোর সুবিদার্থে রাস্তাটি নির্মান কিন্তু পরিষদে প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় আর, এফ, কিউ পদ্ধতি অনুসরণ করে উক্ত রাস্তাগুলো নির্মান করা হয়। পরবর্তী ২০২৩-২০২৪ অর্থবছরের বরাদ্দ হতে উক্ত তিনটি প্রকল্পে বিল সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেল প্রকৌশলী দিঘলিয়া খুলনা। |

| | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান, মহোদয়ের এপ্রিল/২০২৩ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের এপ্রিল/২০২৩ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের এপ্রিল/২০২৩ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর এপ্রিল/২০২৩ মাসের দৈনিক ভাতা বাবদ=১৩,২০০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর এপ্রিল/২০২৩ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,২০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর এপ্রিল/২০২৩ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৪৫৫/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর এপ্রিল/২০২৩ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর এপ্রিল/২০২৩ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। দৈনিক বাংলা নবকন্ঠ পত্রিকার বাসাবাড়ি মেরামত কাজের বিজ্ঞপন বিল =২৫,৯০৯/-<br>১৩। ডেলি প্রেজেন্ট টাইম পত্রিকায় বাসাবাড়ি মেরামত কাজের বিঞ্জপনে বিল=১২,২৮৫/-<br>১৪। সম্পাদক দৈনিক পূর্বঞ্চল খুলনা পত্রিকায় বাংলা ১৪৩০ সনের হাট বাজারের ইজারা বিজ্ঞপনের বিল বাবদ=৩০,৮৬৫/-<br>১৫। প্রধান হিসাব রক্ষক দৈনিক প্রবাহ পত্রিকায় বাংলা ১৪৩০ সনের ইজারা বিজ্ঞপন এর বিল=২৭,৪৩৫/-<br>১৬। মোসা: সালেহা বেগম অফিস সহায়ক উপজেলা নির্বাহী অফিস এর নামে বাংলা ১৪৩০ সনের হাট বাজার ইজারার আনুসঙ্গিক খরচ এর বিল বাবদ=১৭,৫২৫/-<br>১৭। মোসা: সালেহা বেগম অফিস সহায়ক উপজেলা নির্বাহী অফিস এর নামে বাংলা ১৪৩০ সনের হাট বাজার ইজারার আনুসঙ্গিক খরচ এর বিল বাবদ=১৮,০০০/-<br>১৮। আব্দুল হাকিম মল্লিক অফিস সহায়ক এর নামে দিঘলিয়া উপজেলা পরিষদের ভিতর চারটি ক্যামেরা পরিবর্তন ও মেরামত কাজের বিল =১৬,৫০০/- | ৩,৫৮,৯০১/- |

| | |
|---|---|
| ১৯। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, এর নামে উপজেলা পরিষদের ০৪ (চার)টি মিটারের মার্চ/২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ=১৮,৫২৭/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-

তারিখ: ২৭.০৪.২০২৩ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩ ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
০২। জনাব আব্দুস সালাম মুর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, ও সদস্য যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য।
০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা ..............................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৯। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
১০। জনাব ............................................ সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

(খান মাসুম বিল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২